



জনসংযোগ কার্যালয়  
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়  
সাভার, ঢাকা, বাংলাদেশ  
ফোন: ০২২২৪৪৯১০৪৫-৫১  
ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২  
ওয়েবসাইট: www.juniv.edu

প্রেস বিজ্ঞপ্তি (শোক বার্তা)

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়  
শারীরিক শিক্ষা অফিসের উপ-পরিচালক মৌসুমী মজিদের মৃত্যু

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ১০ জুলাই ২০২৪।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শারীরিক শিক্ষা অফিসের উপ-পরিচালক মৌসুমী মজিদ আজ বুধবার মৃত্যুবরণ করেছেন। ইন্না লিল্লাহি-----রাজিউন। তাঁর পারিবারিক সূত্রে জানা যায়, ভারতের একটি হাসপাতালে কিডনী রোগের চিকিৎসাধীন অবস্থায় তিনি মৃত্যুবরণ করেছেন। মৃত্যুকালে তিনি স্বামী-সন্তান, আত্মীয়-স্বজন, সহকর্মী এবং গুণগ্রাহী রেখে গেছেন।

উপাচার্যের শোক

মৌসুমী মজিদের মৃত্যুতে উপাচার্য অধ্যাপক ড. মোঃ নূরুল আলম গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন। আজ এক শোক বার্তায় উপাচার্য বলেন, মৌসুমী মজিদের অকাল মৃত্যু তাঁর পরিবারের জন্য অপূরণীয় ক্ষতি। বিশ্ববিদ্যালয় একজন দক্ষ কর্মকর্তাকে হারালো। উপাচার্য তাঁর শোক বার্তায় মৌসুমী মজিদের আত্মার মাগফেরাত কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি সমবেদনা প্রকাশ করেন।

মোহাম্মদ মহিউদ্দিন, পিএইচডি  
পরিচালক (ভারপ্রাপ্ত)

